

" خَيْرُ الْفُرُونِ الثَّلَاثَةِ " (খাইরুল কুরুনিছছালাছাহ) তথা সর্বোৎকৃষ্ট তিন শতাব্দী এবং " أَرْدَلُ الْفُرُونِ " (আরযালুল কুরুনি) তথা সর্বনিকৃষ্ট শতাব্দীর মুসলিম জাতির মানুষের মর্যাদা ও অবস্থান:

“ خَيْرُ الْفُرُونِ الثَّلَاثَةِ ” (খাইরুল কুরুনিছছালাছাহ) তথা “ সর্বোৎকৃষ্ট তিনশতাব্দীর উৎকৃষ্ট মুসলিম মানুষ এবং “ أَرْدَلُ الْفُرُونِ ” (আরযালুল কুরুনি) তথা সর্বনিকৃষ্ট শতাব্দীর ” (হিজরী চতুর্থ শতাব্দী ও পরবর্তী শতাব্দীসমূহের) নিকৃষ্ট মুসলিম মানুষ সম্পর্কে আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার অনেকগুলো পবিত্র হাদিস শরীফসমূহ রয়েছে । তন্মধ্যে থেকে এখানে চারটি হাদিস শরীফ উল্লেখ করা হল।

প্রথম হাদিস শরীফ:

عن أبي هريرة ، سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: " خير الناس قرني ، ثم الذين يلونهم، ثم الذين يلونهم، ثم الرابع أرذل إلي أن تقوم الساعة " (5475) في المعجم الاوسط للطبراني+ - (1327) في المعجم الكبير للطبراني

অর্থ: --হযরত আবু হুরায়রা (রাদিআর্লাছ আনহু) থেকে বর্ণিত, তিনি বলেন : আমি রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামাকে বলতে শুনেছি: “ সর্বোৎকৃষ্ট মানুষ আমার শতাব্দী (নবী ও সাহাবীগণ), তারপর পরবর্তী শতাব্দী (ভাবেয়ীগণ), তারপর পরবর্তী শতাব্দী (ভাবে’-

ভাবেঈনগণ), তারপর চতুর্থ শতাব্দী থেকে কিয়ামত পর্যন্ত (জন্ম গ্রহণকারী আসন্ন সকল মুসলিমই) সর্ব নিকৃষ্ট মুসলিম । আল-মু’জামুল আওসাত, তিবরানী শরীফ, হাদিস শরীফ নং-৫৪৭৫ + আল-মু’জামুল কাবির, তিবরানী শরীফ, হাদিস শরীফ নং-১৩২৭ **দ্বিতীয় হাদিস শরীফ:**

عَنْ جَعْدَةَ بْنِ هُبَيْرَةَ قَالَتْ : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : " خَيْرُ النَّاسِ قَرْنِي ، ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ ، ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ ، ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ ، ثُمَّ الَّذِينَ يَلُونَهُمْ ، ثُمَّ الْأَخْرُونَ " (2143) فِي الْمَعْجَمِ الْكَبِيرِ لِلطَّبْرَانِيِّ

অর্থ: --হযরত জা’দাতা বিন হুবাইরা (রাদিআর্লাছ আনহু) থেকে বর্ণিত, তিনি বলেন : রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বলেন : “সর্বোৎকৃষ্ট মানুষ আমার শতাব্দী (নবী ও সাহাবীগণ), তারপর পরবর্তী শতাব্দী (ভাবেয়ীগণ), তারপর পরবর্তী শতাব্দী (ভাবে’-ভাবেঈনগণ), তারপর পরবর্তী লোকেরা (চতুর্থ শতাব্দী থেকে কিয়ামত পর্যন্ত জন্ম গ্রহণকারী আসন্ন সকল মুসলিমই) সর্বনিকৃষ্ট । আল-মু’জামুল কাবির, তিবরানী শরীফ, হাদিস শরীফ নং-২১৪৩।

তৃতীয় হাদিস শরীফ:

عَنْ أَبِي هُرَيْرَةَ ، أَنَّهُ قَالَ : سَأَلَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيُّ النَّاسِ خَيْرٌ ؟ فَقَالَ : أَنَا وَ الَّذِينَ مَعِيَ ، ثُمَّ الَّذِينَ عَلَى الْأَثَرِ ، ثُمَّ الَّذِينَ عَلَى الْأَثَرِ ، ثُمَّ كَأَنَّهُ رَفَضَ مَنْ بَعِيَ - (8599) فِي مُسْنَدِ أَحْمَدَ - - الْجُزْءُ الرَّابِعُ

অর্থ: হযরত আবু হুরায়রার (রাদিআর্লাছ আনহু) থেকে বর্ণিত, তিনি বলেন : রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামাকে জিজ্ঞাসা করা হল কোন মানুষটি সর্বোত্তম বা সর্বোৎকৃষ্ট ? তিনি বললেন, আমি এবং যারা আমার সাথে আছে, তারপর যারা (আমার) অব্যবহিত পরে (আসছে) , তারপর যারা (তাদের) অব্যবহিত পরে (আসছে), তারপর যারা অবশিষ্টজন রয়েছেন তাদেরকে যেন তিনি (রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা) প্রত্যাক্ষ করেছেন (অর্থাৎ তারপর চতুর্থ শতাব্দী থেকে কিয়ামত পর্যন্ত জন্ম গ্রহণকারী আসন্ন সকল মুসলিমকে প্রত্যাক্ষ করেছেন) । মুসনাদু আহমাদ শরীফ, হাদিস শরীফ নং-৮৫৯৯, চতুর্থ খন্ড।

চতুর্থ হাদিস শরীফ:

عَنْ ابْنِ مَسْعُودٍ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : " إِنَّ أَوَّلَ هَذِهِ الْأُمَّةِ خَيْرٌ مِنْهُمْ ، وَأَخْرَهُمْ شِرَارَهُمْ ، مَخْتَلِفِينَ مُتَفَرِّقِينَ - (10366) فِي الْمَعْجَمِ الْكَبِيرِ لِلطَّبْرَانِيِّ - الْجُزْءُ الْخَامِسُ .

অর্থঃ-ইবনু মাসউদ (রাদিআল্লাহ আনহ) থেকে বর্ণিত : রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বললেন, “ নিশ্চয়ই এ উম্মতের প্রথম অংশের মুসলিমগণ>>¹ হচ্ছেন সর্বোত্তম মুসলিম আর এ উম্মতের শেষ অংশের মুসলিমগণ>>² হচ্ছেন (مُخْتَلِفِينَ) ভিন্নমত³, (مُنْتَفِرِينَ) বিচ্ছিন্ন⁴ উপদলে বিভক্ত দুষ্ট মুসলিম। আল-মু'জামুল কাবির, তিবরানী শরীফ, হাদিস শরীফ নং-১২৩৬৬ ।

¹ >> এই উম্মতের প্রথম অংশ * প্রথম অংশের মুসলমানগণ>> " خَيْرُ الْأُمَّةِ الْوَأُولَى " (খাইরুল কুরানিছালাছাহ) তথা “সর্বোৎকৃষ্ট তিন শতাব্দীর” অন্তর্ভুক্ত সাহাবীগণ (রাদিআল্লাহ আনহম), তাবেঈ ও তাবে’- তাবেঈন মুসলিমগণ)<<

² >> এই উম্মতের শেষাংশ * শেষ অংশের মুসলমান>> " أَوْلَى الْأُمَّةِ الْوَأُولَى " (আরযালুল কুরানি) তথা সর্বনিকৃষ্টশতাব্দীর” (হিজরী চতুর্থশতাব্দী ও পরবর্তী শতাব্দীসমূহের) অন্তর্ভুক্ত মুসলিমগণ

³ >> এ উম্মতের প্রথম অংশের * الْجَمَاعَةُ (আল-জামাআ’ত) নামে দল তথা أَهْلُ السُّنَّةِ وَالْجَمَاعَةِ (আহলুসসুন্নাহ ওআল জামাআ’ত) নামধারী সাহাবীগণের (রাদিআল্লাহ আনহমগণের) , তাবেঈ ও তাবে’- তাবেঈন মুসলিমগণের ভিন্নমত পোষণকারী (مُخْتَلِفِينَ)

⁴ >> الْجَمَاعَةُ (আল-জামাআ’ত) নামে দল তথা أَهْلُ السُّنَّةِ وَالْجَمَاعَةِ (আহলুসসুন্নাহ ওআল জামাআ’ত) নামে দল থেকে বিচ্ছিন্ন দলে-উপদলে বিভক্ত (مُنْتَفِرِينَ) দুষ্ট মুসলিম।